

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৬৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫৪. কোনো লোক কোনো একটি বিষয়ে ফতোয়া দেয়ার পর তার নিকট নাবী (ﷺ) হতে (এর বিপরীত) হাদীস পৌঁছলে, তিনি নাবী (ﷺ) এর বাণীর দিকে প্রত্যাবর্তন করেন

بَابُ الرَّجُلِ يُفْتِي بِشَيْءٍ، ثُمَّ يَبْلُغُهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَيَرْجِعُ إِلَى قَوْلِ النَّبِيِّ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا عَقَانُ حَدَّثَنَا حَمَّادُ بِنُ زَيْدِ حَدَّثَنَا أَيُّوبُ قَالَ تَذَاكَرْنَا بِمَكَّةَ الرَّجُلَ يَمُوتُ فَقُلْتُ عِدَّتُهَا مِنْ يَوْمٍ يَأْتِيهَا الْخَبَرُ لِقَوْلِ الْحَسَنِ وَقَتَادَةَ وَأَصْحَابِنَا قَالَ فَلَقِينِي طَلْقُ بِنُ حَبِيبِ الْعَنَزِيُّ فَقَالَ إِنَّكَ عَلَيَّ كَرِيمٌ وَإِنَّكَ مِنْ أَهْلِ بَلَدِ الْعَيْنُ إِلَيْهِمْ سَرِيعَةٌ وَإِبِّي لَسْتُ آمَنُ عَلَيْكَ وَإِنَّكَ قُلْتَ قَوْلًا هَا هُنَا خِلَافَ قَوْلٍ أَهْلِ الْبَلَدِ الْعَيْنُ إِلَيْهِمْ سَرِيعَةٌ وَإِبِّي لَسْتُ آمَنُ عَلَيْكَ وَإِنَّكَ قُلْتُ وَفِي ذَا اخْتِلَافٌ قَالَ نَعَمْ وَإِنَّكَ قُلْتُ وَفِي ذَا اخْتِلَافٌ قَالَ نَعَمْ عَيْدَ بْنَ جَبِيْرٍ فَسَأَلْتُهُ فَقَالَ عِدَّتُهَا مِنْ يَوْمٍ تُوفِي قَالَ مِنْ يَوْمٍ تُوفِي وَسَأَلْتُ مُجَاهِدًا فَقَالَ عِدَّتُهَا مِنْ يَوْمٍ تُوفِي وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ سِيرِينَ فَقَالَ مِنْ يَوْمٍ تُوفِي وَسَأَلْتُ مُحَاهِدًا فَقَالَ مِنْ يَوْمٍ تَوُفِي وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ سِيرِينَ فَقَالَ مِنْ يَوْمٍ تَوُفِي وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ سِيرِينَ فَقَالَ مِنْ يَوْمٍ تَوْفِي وَسَأَلْتُ مُ مَنْ يَوْمٍ تَوْفِي وَاللَا مِنْ يَوْمٍ تُوفِي قَالَ وَكَانَ ابْنُ عَبَّاسِ يَقُولُ مِنْ يَوْمٍ مِنْ يَوْمٍ تَوْفِي قَالَ وَقَالَ جَابِرُ بْنُ نَيْدِ مِنْ يَوْمٍ تُوفِي قَالَ وَكَانَ ابْنُ عَبَّاسٍ يَقُولُ مِنْ يَوْمٍ تَوْفِي قَالَ حَمَّدَ لَيْهُ مِنْ عَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودِ قَالَ مِنْ يَوْمٍ تَوْفِي قَالَ حُولُ مِنْ يَوْمٍ لَلْكَهِ بْنَ عَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودِ قَالَ مِنْ يَوْمٍ يَوْفِي قَالَ مَنْ يَوْمٍ مَا يُؤْفِي قَالَ مُؤْمِ مَا لَوْهِمَ مِنْ يَوْمٍ مَنْ يَوْمٍ مَنْ يَوْمٍ مَنْ يَوْمٍ مِي أَوْقِي قَالَ مُؤْمِ مَنْ يَوْمٍ مَنْ يَوْمُ مَنْ يَوْمُ مِنْ يَوْمُ لَا مُعْدِر الرَّهِ مِنْ عَبْدِ الرَّهِ مَنْ عَلْ مَنْ يَوْمُ مِنْ يَوْمُ مِنْ يَوْمُ مِنْ يَوْمُ مَنْ يَوْمُ لِلْ الْمَا اللَّهِ بْنُ عَبْدُ اللَّهِ بْنَ عَبْدَ اللَّهُ مَنْ عَنْ الْمَا

বাংলা

৬৬৭. আইয়ুব বলেন: আমরা মক্কায় এক মৃতব্যক্তি সম্পর্কে আলোচনা করছিলাম। তখন আমি বললাম: এর (মৃতব্যক্তির) স্ত্রী যেদিন স্বামীর মৃত্যুর সংবাদ জানতে পারবে, সেদিন হতে তার ইদ্দত গণনা শুরু হবে। কারণ, হাসান, কাতাদাহ ও আমাদের সাথীরা সবাই এ মত পোষণ করেন। তারপর তালক ইবনু হাবীব আমার সাথে



সাক্ষাৎ করে বললেন: আপনি আমাদের নিকট সম্মানিত ব্যক্তি এবং আপনি সেই শহরের বাসিন্দাদের অন্যতম, যাদের দিকে দ্রুত সকলের দৃষ্টি আকৃষ্ট হয়। এতদসত্ত্বেও আমি আপনার উপর নির্ভর করতে পারছি না। তিনি বললেন: আপনি এমন একটি কথা বললেন যা এ শহরাসীদের বক্তব্যের বিপরীত ফলে আমি (আপনার কথার উপর) নির্ভর করতে পারছি না। আমি বললাম: এ নিয়ে ইখতিলাফ রয়েছে কি? তিনি বলেন: হাঁ, তার (মহিলার) ইদ্দৃত শুরু হবে তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই।

তখন আমি সাঈদ ইবনু জুবাইরের সাথে সাক্ষাৎ করে তাকে এটি জিজ্ঞেস করলাম। তিনি উত্তরে বলেন: তার (মহিলার) ইদ্দত শুরু হবে তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। আর আমি মুজাহিদকে জিজ্ঞেস করলাম। তিনি বললেন: তার (মহিলার) ইদ্দত শুরু হবে তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। আর আমি আতা ইবনু আবী রাবাহকে জিজ্ঞেস করলাম। তিনি বললেন: (মহিলার ইদ্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। আর আমি আবু কিলাবাহকে জিজ্ঞেস করলাম। তিনি বললেন: (মহিলার ইদ্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। আর আমি মুহাম্মদ ইবনু সীরীনকে জিজ্ঞেস করলাম। তিনি বললেন: (মহিলার ইদ্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই।

তিনি বলেন: আমাকে নাফি' রাহি. বর্ণনা করেছেন: ইবনু উমার রাদ্বিয়াল্লান্থ আনহুমা বলেছেন: (মহিলার ইন্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। আমি ইকরিমাহকে বলেতে শুনেছি, তিনি বলেন: (মহিলার ইন্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। তিনি বলেন: তিনি আরও বললেন: জাবির ইবনু যাইদ বলেন: (মহিলার ইন্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। তিনি বলেন: তিনি আরও বললেন: ইবনু আব্বাস রাদ্বিয়াল্লান্থ আনহুমা বলতেন: (মহিলার ইন্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। হাম্মাদ বলেন, আমি লাইছকে হাকাম থেকে হাদীস বর্ণনা করতে শুনেছি যে, আন্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: (মহিলার ইন্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর দিন থেকেই। তিনি বলেন: আলীরাদ্বিয়াল্লাহু আনহু বলেন: (মহিলার ইন্দত শুরু হবে) তার (স্বামীর) মৃত্যুর খবর তার নিকট পৌঁছানোর দিন থেকে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।।

তাখরীজ: দেখুন, মুসান্নাফ ইবনু আবী শাইবা ৫/১৯৬-১৯৮; সুনান ইবনু মানসূর ১/২৮৮, ২৮৯; মুসান্নাফ আব্দুর রাযযাক ৬/৩২৭, ৩২৮, ৩২৯; সুনান বাইহাকী ৭/৪২৫, এখানে এটি অবিচ্ছিন্ন সনদে রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আইয়ব সিখতিয়ানী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন